

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৩২

كتاب الحدود عن رسول الله الله المالك المال

পরিচ্ছেদঃ মুসলিমের দোষ ঢেকে রাখা প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي السَّتْرِ عَلَى الْمُسْلِمِ .

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ عُقَيْل، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَالِم، عَنْ أَبِيهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " الْمُسْلِمُ أَخُو الْمُسْلِمِ لاَ يَظْلِمُهُ وَلاَ يُسْلِمُهُ وَمَنْ كَانَ فِي حَاجَةِ قَمَنْ كَانَ اللَّهُ فِي حَاجَتِهِ وَمَنْ فَرَّجَ عَنْ مُسْلِمٍ كُرْبَةً فَرَّجَ اللَّهُ عَنْهُ كُرْبَةً مِنْ كُربِ يَوْمِ الْقِيَامَةِ وَمَنْ سَتَرَ مُسْلِمًا سَتَرَهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ حَدِيثِ ابْنِ عُمَرَ.

বাংলা

১৪৩২। কুতায়বা (রহঃ) ... সালিম তার পিতা আবদুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, এক মুসলিম আরেক মুসলিমের ভাই। সে তার উপর যুলুম করবে না, তাকে ধ্বংসের জন্য সমর্পণ করবে না। যে ব্যক্তি তার ভাইয়ের প্রয়োজনে ব্যস্ত থাকে, আল্লাহ তার প্রয়োজন পূরণে ব্যস্ত থাকেন। যে ব্যক্তি কোন মুসলিমের দুঃখ দুর করে দেয়, আল্লাহ তা'আলা তার কিয়ামতের দিনের কষ্ট দুর করে দিবেন। যে ব্যক্তি কোন মুসলিমের দোষ গোপন রাখে আল্লাহ তা'আলা কিয়ামতের দিন তার দোষ ঢেকে রাখবেন। সহীহ, সহীহাহ ৫০৪, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪২৬ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীস হাসান-সহীহ, ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু-এর সূত্রে বর্ণিত হাদীস হিসাবে গারীব।

English

Narrated Ibn 'Umar:

That the Messenger of Allah () said: "The Muslim is the brother of the Muslim, he doesn't oppress him and doesn't put him into ruin, and whoever is concerned for the needs of his brother, Allah is concerned for his needs, and whoever relieves a Muslim of a burden, Allah will relieve him of a burden from the burdens of the Day of Judgement and whoever covers (the faults



of) a Muslim, Allah will cover (his faults) on the Day of Judgement."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন